



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-০৩, রোড নং-ই/১, ব্লক- সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/নিম্ন-মাধ্যঃপাঃঅঃ/সুনাং/৩২২

তারিখঃ ০৯/০২/২০১০ খ্রিঃ
২৭/১০/১৪১৬ বাং

বিষয় : নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের অস্থায়ী স্বীকৃতি প্রসঙ্গে।


সূত্রঃ মাউশি/ সি-২৩১, তারিখ : ১৭/১২/২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তারোপ করে তাঁর বিদ্যালয়কে ০১/০১/২০১০ থেকে ৩১/১২/২০১৪ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় হিসেবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হল।

শর্ত সমূহ :

১. এ অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
২. শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩. বিদ্যালয়ের সকল রেকর্ডপত্র বিধি মোতাবেক সংরক্ষণ করতে হবে।
৪. প্রশিক্ষণ বিহীন শিক্ষকগণকে পর্যায়ক্রমে বি এড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
৫. সরকারী বিধি মোতাবেক ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের নাম দর্শনীয় স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে।
৭. বিদ্যালয়ে স্কাউট/গার্লস গাইড দল গঠন করে দলের রেজিস্ট্রেশন করাতে হবে।
৮. বিদ্যালয়ের অঙ্গনে ফলজ ও বনজ বৃক্ষ রোপন করতঃ সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৯. পরিবেশিত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতির এ আদেশ প্রত্যাহারের ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোঃ আব্দুল মান্নান খান) ০৯/০২/১০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : প্রধান শিক্ষক

সাজেদা খানম নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
ডাকঘর : জগন্নাথপুর, উপজেলা : জগন্নাথপুর
জেলা : সুনামগঞ্জ।

সদয় অনুলিপি :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।